বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

IDRA

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২০.১৮.০৪ ০২ জানুয়ারী , ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়ঃ খসড়া প্রবিধানমালার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে ।

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিশেষ নিরীক্ষার কার্যক্ষেত্র) প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (www.idra.org.bd) → Latest News । উক্ত খসড়া প্রবিধানের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত প্রয়োজন। আপনার মতামত আগামী ১৫ দিনের মধ্যে ই-মেইলে (aindept.idra@gmail.com) অথবা বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নিধারিত সময়ের মধ্যে খসড়া প্রবিধানের বিষয়ে বিশেষজ্ঞগণ এবং সর্বসাধারণও মতামত প্রদান করতে পারবেন।

০২/০১/১৮
(ড. মহাঃ বশিরুল আলম)
পরিচালক (আইন)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব ,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন,সাধারন বীমা কর্পোরেশন
৩। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।
৪। জনাব সাইদ কুতুব, উপ-সচিব (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়)
৫। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা (লাইফ): আলফা ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/বায়রা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/বেস্ট লাইফ ইন্স্যুঃ লিঃ/চার্টার্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডেল্টা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডায়মন্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/গোল্ডেন লাইফ ইন্স্যুঃ লিঃ/গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ/হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/মেটলাইফ/ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ/পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানলাইফ ইন্স্যুঃ কোং লিঃ/ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ।
৭।মুখ্য নির্বাহী কর্মকর্তা (নন-লাইফ): অগ্রণী ইন্স্যুঃ কোঃ লিঃ/এশিয়া ইন্স্যুঃ লিঃ/এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ/বাংলাদেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ/ক্রিষ্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ/দেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/ঢাকা ইন্স্যুঃ লিঃ/ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোঃ লিঃ/ইষ্টার্ণ ইন্স্যুঃ কোঃ লিঃ/এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ/ফেডারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/গ্লোবাল ইন্স্যুঃ লিঃ/গ্রীণ ডেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী কমার্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী ইন্স্যুঃ বাংলাদেশ লিঃ/জনতা ইন্স্যুঃ কোঃ লিঃ/কর্ণফুলী ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেনটাইল ইন্স্যুঃ কোঃ লিঃ/নিটল ইন্স্যুঃ কোঃ লিঃ/নর্দার্ণ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/প্যারামাউন্ট ইন্স্যুঃ কোঃ লিঃ/পিপলস্ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফিনিক্স ইন্স্যুঃ কোঃ লিঃ/পাইওনিয়ার ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রভাতী ইন্স্যুঃ কোঃ লিঃ/পূরবী জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ/রিপাবলিক ইন্স্যুঃ কোঃ লিঃ/রূপালী ইন্স্যুঃ কোঃ লিঃ/সেনা কল্যাণ ইন্স্যুঃ কোঃ লিঃ/সিকদার ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনার বাংলা ইন্স্যুঃ লিঃ/স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ/সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ/তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ/ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ/ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
(বিশেষ নিরীক্ষার কার্যক্ষেত্র) প্রবিধানমালা-২০১৮

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ২৯ এর, যাহা ধারা ১৪৮ এর সহিত পঠিতব্য তে প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন- (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিশেষ নিরীক্ষার কার্যক্ষেত্র) প্রবিধানমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়-

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ যাহা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ (২০১০ সালের ১২ নং আইন) এর ৩ ধারায় গঠিত;

(২) এই প্রবিধানে ব্যবহৃত সকল শব্দ ও বাক্য যাহা ব্যাখ্যা করা হয় নাই, কিন্তু বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নং আইন) এ ব্যাখ্যা করা হইয়াছে একই অর্থ বহন করিবে।

৩। বিশেষ নিরীক্ষার কার্যপরিধি : বীমা আইন, ২০১০ এর ২৯ ধারায় কর্তৃপক্ষ কর্তৃক প্রবিধি -৪ মোতাবেক নিয়োগকৃত এক বা একাধিক নিরীক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সময় সময় বিশেষ নিরীক্ষা কাজ করাইতে পারিবে। বিশেষ নিরীক্ষক নিম্নবর্ণিত বিষয়ে নিরীক্ষা পূর্বক কর্তৃপক্ষের নিকট পর্যবেক্ষণ ও সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

(ক) বীমা আইনের ধারা ১৮ এর উপধারা (১) এ বর্ণিত প্রত্যেক বীমাকারী এই আইন বলবৎ হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তাহার অগ্নি, নৌ, এবং বিবিধ বীমা ব্যবসা সংক্রান্ত বকেয়া মোট প্রিমিয়ামের পরিমাণ এজেন্টদের স্থিতিসহ, যদি থাকে, কর্তৃক্ষের নিকট ঘোষণা সংক্রান্ত বিষয়ে এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উহা আদায় সংক্রান্ত বিষয়ে;

(খ) বীমা আইনের ধারা ১৮ এর উপধারা (৪) এ বর্ণিত নন-লাইফ ইন্স্যুরেন্স পলিসি বাতিল কিংবা উহার শর্তাবলীতে কোন পরিবর্তন হইলে বীমা গ্রহীতার পাওনা ফেরৎযোগ্য প্রিমিয়ামের অর্থ ক্রসড (Cross) অর্ডার চেকে বা মানি অর্ডারের মাধ্যমে সরাসরি বীমা গ্রহীতাকে পরিশোধ বিষয়ে;

(গ) বীমা আইনের ধারা ২০ এর উপধারা (১) এ বর্ণিত বিদেশ বীমাকারীর স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে;

(ঘ) বীমা আইনের ধারা ২১ এ বর্ণিত মূলধন ও শেয়ার ধারণ সম্পর্কিত শর্ত পূরণ বিষয়ে;

(ঙ) বীমা আইনের ধারা ২২ এ বর্ণিত বিদেশী উদ্যোক্তা শেয়ার ধারণ বিষয়ে;

(চ) বীমা আইনের ধারা ২৪ এ বর্ণিত জামানত সংক্রান্ত বিষয়ে;

(ছ) বীমা আইনের ধারা ৩১ এ বর্ণিত পলিসি ও দাবীর রেজিষ্টার সংরক্ষণসহ বীমা দাবী উত্থাপন, নিস্পন্ন ও অনিস্পন্ন বিষয়ে;

(জ) বীমা আইনের ধারা ৪১ এ বর্ণিত বীমাকারীর সম্পদ বিনিয়োগ বিষয়ে;

(ঝ) বীমা আইনের ধারা ৪৩ এ বর্ণিত সলভেন্সী মার্জিন শর্তাবলী পূরণ বিষয়ে;

(ঞ) বীমা আইনের ধারা ৪৪ এ বর্ণিত ঋন অগ্রিম ও আর্থিক সুবিধা বিধি নিষেধ বিষয়ে;

(ট) বীমা আইনের ধারা ৪৬ এ বর্ণিত বীমাকারীর সম্পদ সংরক্ষণ বিষয়ে;

(ঠ) বীমা আইনের ধারা ৫৮ এ বর্ণিত বীমাকারীর ব্যবসা সংগ্রহের উদ্দেশ্যে কমিশন কিংবা অন্য কোন প্রকার পারিশ্রমিক পরিশোধের বিধি নিষেধ বিষয়ে;

(ড) বীমা আইনের ধারা ৫৯ এ বর্ণিত বীমাকারীর কমিশন ব্যয়ের সীমিতকরণ বিষয়ে;

(ঢ) বীমা আইনের ধারা ৬২ এ বর্ণিত লাইফ বীমাকারীর লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সীমিতকরণসহ ব্যবস্থাপনা ব্যয়ের যৌক্তিকতা যাচাইকরণ বিষয়ে;

(ণ) বীমা আইনের ধারা ৬৩ এ বর্ণিত নন-লাইফ বীমাকারীর নন-লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সীমিত করণসহ ব্যবস্থাপনা ব্যয়ের যৌক্তিকতা যাচাইকরণ বিষয়ে;

(ত) বীমা আইনের ধারা ৬৪ এ বর্ণিত পারিশ্রমিক প্রদানের যৌক্তিকতা যাচাই বিষয়ে;

(থ) বীমা আইনের ধারা ৭৬ এ বর্ণিত পরিচালনা পর্ষদ গঠন ও কার্যক্রম পর্যবেক্ষণ বিষয়ে;

(দ) বীমা আইনের ধারা ৮২ এ বর্ণিত লাইফ বীমাকারীর লভ্যাংশ, বোনাস প্রদানে বিধি নিষেধ বিষয়ে;

(ধ) বীমা আইনের ধারা ৮৩ এ বর্ণিত লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় বীমাগ্রহীতাদের মধ্যে মুনাফা বন্টন বিষয়ে;

(ন) কর্তৃপক্ষ কর্তৃক নিদিষ্টকৃত অন্য কোন বিষয়;

৪।**বিশেষ নিরীক্ষকের নিয়োগঃ** কর্তৃপক্ষ প্রবিধি ৩ এ বর্ণিত বিষয়সমূহ বিশেষ নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন নিরীক্ষা প্রতিষ্ঠানকে বিশেষ নিরীক্ষক হিসেবে নিয়োগ করিতে পারিবেন।

(১) বাংলাদেশ চার্টার্ড একাউন্টেন্টস অধ্যাদেশ, ১৯৭৩ (P.O. no 2 of 1973) এর Article 2(1) (b) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্টস এর মাধ্যমে গঠিত নিরীক্ষা প্রতিষ্ঠান হইতে হইবে;

(২) কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ২১২ এর বিধান মোতাবেক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে;

(৩) নিরীক্ষা প্রতিষ্ঠানে দুইয়ের অধিক অভিজ্ঞ পার্টনার থাকিতে হইবে;

(৪) নিরীক্ষা প্রতিষ্ঠান ICAB কর্তৃক বা কর্তৃপক্ষ কর্তৃক বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ সংস্থা (যেমন- বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন) কর্তৃক 'A' রেটিংধারী হইতে হইবে;

(৫) নিরীক্ষা প্রতিষ্ঠানে যোগ্যতা সম্পন্ন সিনিয়র অডিট স্টাফ থাকিতে হইবে;

(৬) নিরীক্ষা প্রতিষ্ঠানের কোন পার্টনার বীমা প্রতিষ্ঠানের উদ্যোক্তা, পরিচালক, উপদেষ্টা বা কোন লাভজনক দায়িত্বে সংশ্লিষ্ট থাকিতে পারিবে না;

(৭) নিরীক্ষা প্রতিষ্ঠানের বীমা প্রতিষ্ঠান সমূহের নিরীক্ষার কাজের ন্যূনতম ১৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(৮) ফাইনানশিয়াল এ্যাক্ট, ২০১৫ মোতাবেক নিরীক্ষা প্রতিষ্ঠানকে ফিনানসিয়াল রির্পোটিং কাউন্সিলে তালিকাভূক্ত থাকিতে হইবে।

৫। **বিশেষ নিরীক্ষার নিরীক্ষকের পারিশ্রমিক-** বীমা আইনের ২৯ ধারার (৪) উপ-ধারায় বিশেষ নিরীক্ষার নিরীক্ষকের পারিশ্রমিক কাজের ধরণ ও পরিমাণের উপর ভিত্তি করিয়া কর্তৃপক্ষ নির্ধারণ করিতে পারিবে কিন্তু উহা তিনশত হাজার টাকার সীমা অতিক্রম করিতে পারিবে না।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ